

নং. 4.10

এক্সিকিউটিভ অর্ডার

**নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা কর্মী সংকটের কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা অব্যাহত রয়েছে**

**যেখানে,** হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কর্মী সঙ্কট রয়েছে এবং এটি অব্যাহত থাকার আশংকা রয়েছে;

**যেখানে,** হাসপাতালে ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে গুরুতর কর্মী-সংকট জরুরি সেবা প্রদান করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পর্যাপ্ত সেবা প্রদানের ক্ষমতাকে প্রভাবিত করা অব্যাহত রাখবে বলে আশংকা করা হচ্ছে;

**যেখানে,** স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কর্মী সম্পূর্ণের তাৎক্ষণিক ও জরুরি প্রয়োজন আছে;

**সুতরাং, এখন,** আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নির্বাহী আইনের 2-B ধারার অনুচ্ছেদ 28 অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, নির্বাহী আদেশ 4 অনুযায়ী রাজ্য জুড়ে দুর্যোগকালীন জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, যা নির্বাহী আদেশ 4.9 অনুযায়ী অব্যাহত ছিল, এবং নির্বাহী আদেশ 4 এবং এর পরবর্তী নির্বাহী আদেশসমূহে বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশগুলি 29 জুন, 2022 তারিখ পর্যন্ত বহাল রাখছি।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবানি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বাইশ

সালের জুন মাসের ঊনত্রিশতম দিনে

এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব